

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
লালমোহন, ভোলা।

স্মারক নং- উপাশিঅ/লাল/ভোলা/২০২৫-৭৪৩

তারিখ: ১৬/১১/২০২৫ খ্রি.


নোটিশ

ভোলা জেলার লালমোহন উপজেলাধীন সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নভেম্বর/২০২৫ মাসের উপজেলা পর্যায়ে সমন্বয় সভা আগামী ১৭/১১/২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় লালমোহন হাইস্কুল সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সমন্বয় সভায় সকল প্রধান শিক্ষকগণ মাসিক রিটার্নসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি নিয়ে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় সমূহ:

- প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন।
- উপবৃত্তি সংক্রান্ত তথ্য হালনাগাদ, নতুন এন্ট্রি, ট্রান্সফারকরণ, ট্রান্সফার গ্রহণ সংক্রান্ত।
- সকল ক্যাটাগরির বিদ্যালয়ের বার্ষিক বিদ্যালয় শুমারী-২০২৫ (APSS) এন্ট্রিকরণ, দাখিল ও অনুমোদন সংক্রান্ত।
- শিখন অগ্রগতির চূড়ান্ত যাচাই ও রেকর্ড সংরক্ষণ (এসেসমেন্ট টুলস) সংক্রান্ত। শিক্ষার্থীদের পঠন ও লিখন যোগ্যতা যাচাই ও পর্যবেক্ষণ।
- তৃতীয় প্রান্তিক মূল্যায়ন-২০২৫ গ্রহণ, মূল্যায়ন সম্পন্ন করণ, ফলাফল প্রকাশ ও রেকর্ড সংরক্ষণ।
- বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, বই উৎসব ও নতুন শিক্ষার্থীদের বরণ সংক্রান্ত।
- পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের মডেল টেস্ট ও প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ সংক্রান্ত।
- প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষসহ বিদ্যালয় অবকাঠামো সজ্জিতকরণ।
- বিদ্যালয় অবকাঠামো পরিষ্কার পরিচ্ছন্নতা ও ব্রডব্যান্ড ইন্টারনেট এর জন্য সরকার নির্ধারিত বাজেট বরাদ্দ অনুযায়ী ভাউচারাদিসহ তথ্য দাখিল সংক্রান্ত।
- সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা যথাযথভাবে প্রতিপালন।
- শতভাগ বিদ্যালয়ে কাবিং কার্যক্রম চালুকরণ ও কাব শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত।
- বিদ্যালয়ের জমির রেকর্ড সংরক্ষণ, নিবন্ধন সংক্রান্ত।
- ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দকৃত বিদ্যালয়ের উন্নয়নমূলক কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিল।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মাসিক রিটার্ন, দপ্তরী কাম প্রহরীদের প্রতিবেদন, চাহিত তথ্যাদি উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে দাখিল সংক্রান্ত।
- প্রশ্নোত্তর পর্ব।

উক্ত সমন্বয় সভা জনস্বার্থে বিধায় প্রধান শিক্ষকগণ বিধি মোতাবেক ভ্রমণভাতাপ্রাপ্য হবেন।


(মো: শাহ আলম)
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
লালমোহন, ভোলা।


প্রধান শিক্ষক (সকল)
সরকারি প্রাথমিক বিদ্যালয়
লালমোহন, ভোলা।

স্মারক নং- উপাশিঅ/লাল/ভোলা/২০২৫-৭৪৩(৬)

তারিখ: ১৬/১১/২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, লালমোহন, ভোলা।
- ৫। উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল), লালমোহন, ভোলা।
- ৬। সংরক্ষণ নথি।



(মো: শাহ আলম)

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
লালমোহন, ভোলা।